



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 5th Semester [Special] Examination, 2022

GE1-P1-BENGALI

NEW SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) ফোর্ট উইলিয়াম কলেজ কে, কত সালে প্রতিষ্ঠা করেন? এই কলেজের একজন দেশীয় ও একজন বিদেশী পণ্ডিতের নাম লেখো।
- (খ) বাংলা কাব্যসাহিত্যে 'ভোরের পাখি' কাকে বলা হয়? প্রকাশকালসহ তাঁর দু'টি কাব্যের নাম লেখো।
- (গ) বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাসের নাম কী? এটি কার লেখা? এই উপন্যাসিকের রচিত দুটি সামাজিক উপন্যাসের নাম ও প্রকাশকাল লেখো।
- (ঘ) বাংলা পৌরাণিক নাটকের সর্বশ্রেষ্ঠ রচয়িতা কে? প্রকাশকালসহ তাঁর চারটি পৌরাণিক নাটকের নাম লেখো।
- (ঙ) সংকর শব্দ কাকে বলে? বাংলা ভাষায় প্রচলিত কয়েকটি সংকর শব্দের উল্লেখ করো।
- (চ) স্বরভক্তি কাকে বলে? একে অন্য কী নামে অভিহিত করা হয়? উদাহরণ দাও।

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) বাংলা গদ্যের বিকাশে শ্রীরামপুর মিশনের অবদান লেখো।
- (খ) রবীন্দ্র কাব্যধারার ঐশ্বর্য পর্ব বলতে কোন্ সময়কালকে বোঝায়? এই পর্বে রবীন্দ্রনাথের কাব্যকৃতির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (গ) সংক্ষিপ্ত টীকা লেখো: গোরা, পদ্মানদীর মাঝি।
- (ঘ) নাট্যকার বিজন ভট্টাচার্যের সংক্ষিপ্ত মূল্যায়ন করো।
- (ঙ) টীকা লেখো: জোড়কলম শব্দ, বর্ণবিপর্যয়।
- (চ) উপভাষা কাকে বলে? ভাষা ও উপভাষার মধ্যে পার্থক্য করো।

বিভাগ-গ

- ৩। নিম্নলিখিত যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও: ১২×২ = ২৪
- (ক) বাংলা গদ্য সাহিত্যে পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান লেখো।
- (খ) মহাকাব্য কাকে বলে? বাংলা মহাকাব্যধারার সংক্ষিপ্ত পরিচয় দিয়ে এই ধারার অবলুপ্তির কারণগুলি লেখো।
- (গ) বাংলা উপভাষাগুলির স্থান-সীমার উল্লেখ করে যে কোনো একটি উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।
- (ঘ) বাংলা ভাষার উদ্ভবের ইতিহাসটি আলোচনা করো।

_____x_____